গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
তথ্য আপা: তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)
১৪৫,নিউ বেইলী রোড, ঢাকা।
www.totthoapa.gov.bd

# চলমান প্রকল্পের সারসংক্ষেপ

১. প্রকল্পের নাম : তথ্য আপা: তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) (৩য় সংশোধিত)

২. (ক) উদ্যোগী মন্ত্রণালয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(খ) বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় মহিলা সংস্থা

৩. প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) :

(ক) মোট : **৬৬১০৮.৩১** লক্ষ টাকা

(খ) জিওবি : **৬৬১০৮.৩১** লক্ষ টাকা

(গ) বৈদেশিক সহায়তা : ০০

৪. প্রকল্পের অর্থায়ন (ঋণ/অনুদান/ইকুইটি) : অনুদান (জিওবি)

৫. বাস্তবায়নকাল : (ক) শুরুর তারিখঃ এপ্রিল ২০১৭
(খ) সমাপ্তির তারিখঃ ৩০ জুন ২০২৬

৬. প্রকল্প এলাকা : বাংলাদেশের ৮ টি বিভাগের ৬৪ জেলাধীন ৪৯২ টি উপজেলা

৭. প্রকল্পের উদ্দেশ্য : গ্রামীণ সুবিধাবঞ্চিত মহিলাদের তথ্যপ্রযুক্তিতে প্রবেশাধিকার এবং তথ্যপ্রযুক্তি ভিত্তিক সেবা প্রদানের মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন। সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ নিম্নরূপ:

- বাংলাদেশের ৪৯২ টি উপজেলায় তথ্যকেন্দ্র প্রতিষ্ঠা করা;
- তথ্যপ্রযুক্তি সম্পর্কে ২ কোটি গ্রামীণ নারীদের উদ্বুদ্ধকরণ ও তথ্যপ্রযুক্তির মাধ্যমে দৈনন্দিন সমস্যা সমাধানে সাহায্য করা;
- তথ্যকেন্দ্রের মাধ্যমে ই-কমার্স সহায়তা প্রদান;
- ই-লার্নিং এর মাধ্যমে প্রযুক্তি জ্ঞানসম্পন্ন দল গঠন করা;
- ওয়েব পোর্টাল, তথ্য ভান্ডার, তথ্য আপা আইপি টিভি, এমআইএস এর উন্নয়ন করা;

৮. প্রকল্পের প্রধান কার্যক্রম :

- গ্রামীণ সুবিধাবঞ্চিত নারীদের ৬ টি বিষয় যেমনঃ স্বাস্থ্য, শিক্ষা, কৃষি, ব্যবসা, আইনী সহায়তা এবং জেন্ডার বিষয়ে সম্পূর্ণ বিনামূল্যে সেবা প্রদান করা হয়ে থাকে। সেবাসমূহ তথ্যকেন্দ্র, ডোর টু ডোর ও উঠান বৈঠক এ তিনটি মাধ্যমে প্রদান করা হয়ে থাকে।
- তথ্যকেন্দ্রসমূহ হতে বিনামূল্যে ডিজিটাল ডিভাইস ব্যবহার করে প্রাথমিক স্বাস্থ্য সেবাসমূহ প্রদান করা হয়। যেমন: ব্লাড প্রেসার পরীক্ষা, ওজন পরীক্ষা, ডায়াবেটিস পরীক্ষা, রক্তে অক্সিজেনের পরিমাণ পরীক্ষা, শরীরের তাপমাত্রা পরীক্ষা ইত্যাদি।
- ইন্টারনেট ব্যবহার করে শিক্ষা বিষয়ক বিভিন্ন সেবা প্রদান করা হয়। যেমন: চাকুরীর খবর, চাকুরীর আবেদন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি সংক্রান্ত তথ্য, ভর্তি ফরম পূরণ ইত্যাদি। এছাড়া ক্যারিয়ার বিষয়ক পরামর্শসহ বিভিন্ন রকম সেবা প্রদান করা হয়।
- প্রত্যেক মাসে উঠান বৈঠক আয়োজন করা হয় ও প্রতিটি উঠান বৈঠকে ৫০ জন গ্রামীণ মহিলার অংশগ্রহণ করে। উঠান বৈঠকে গ্রামীণ মহিলাদের জীবন ও জীবিকা সম্পর্কিত বিভিন্ন বিষয় সম্পর্কে অবহিত করা হয়। যেমন: বাল্যবিবাহ ও যৌতুক, নারীর প্রতি সহিংসতা, ফতোয়া, জন্মনিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা, তথ্যপ্রযুক্তি বিষয়ক বিভিন্ন সেবার তথ্য, সাইবার ক্রাইম কৃষি, পশুপালন, মৎস্য চাষ, মা ও শিশুর প্রাথমিক স্বাস্থ্যসেবা, শিক্ষা, বৃত্তি, আইন, বিভিন্ন প্রশিক্ষণ বিষয়ক, কিশোরীদের স্বাস্থ্যসেবা, সরকারি তথ্য ও সেবাসমূহ, ব্যবসা, সাইবার সিকিউরিটি, সরকারী বিভিন্ন হেল্প লাইনের ব্যবহার শেখানো, মোবাইল ব্যাংকিং সম্পর্কে ধারনা প্রদান, স্কুল/কলেজে সচেতনতামূলক

ক্যাম্পেইন, লাল সবুজ ডট কমের মাধ্যমে নারী উদ্যোক্তা তৈরী ও নারীদের ক্ষমতায়িত করা ইত্যাদি।

- জন্ম নিবন্ধন আবেদন/ সংশোধন, VGD/VWB (Vulnerable Women Benefits) আবেদন, NID Card Application, বিভিন্ন আবেদনের Online Bill Payment, বিভিন্ন ভাতা বিষয়ক আবেদন (গর্ভবতী মহিলা/ দুঃস্থ সহায়ক ভাতা/ প্রতিবন্ধি/ বয়স্ক/ বিধবা ভাতা), কোভিড-১৯ ভ্যাক্সিন নিবন্ধন ও সনদ উত্তোলন, শিক্ষা বৃত্তি আবেদন, বিভিন্ন জটিল রোগের চিকিৎসার জন্য সরকারী আর্থিক অনুদানের জন্য আবেদন।

৯. বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ :

- চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) তে অন্তর্ভুক্ত নেই।
- চলতি অর্থবছরের জন্য ডিপিপিতে বরাদ্দকৃত অর্থের পরিমান: ৯৮৫৬.২৩ লক্ষ টাকা
- অর্থছাড় হয়নি বিধায় আর্থিক অগ্রগতি শূন্য।
- অর্থ বরাদ্দের বিষয়টি কার্যক্রম বিভাগে প্রক্রিয়াধীন আছে।
- বর্তমানে অর্থ মন্ত্রণালয়ের মতামতের জন্য পত্র প্রেরণ করেছে।

১০. প্রকল্পের অগ্রগতি :

- জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জীভূত মোট আর্থিক অগ্রগতি ৫৬২৫২.১০ লক্ষ টাকা এবং অগ্রগতির হার ডিপিপি এর প্রাক্কলিত ব্যয়ের ৮৫.০৯%।
- ০১/১২/২৫ তারিখ পর্যন্ত সর্বমোট **১,৯৪,৮৫,০৬০** জন সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে। ডোর টু ডোর সেবা প্রদানের মাধ্যমে **১,৪৬,০১,৫৭৭** জন সেবাগ্রহীতা, তথ্যকেন্দ্রে সেবা প্রদানের মাধ্যমে **২৩,৫৭,৮৭০** জন সেবাগ্রহীতা এবং **৫৩,৩৬৬** টি উঠান বৈঠকের মাধ্যমে **২৫,২৫,৬১৩** জন কে সেবা প্রদান করা হয়েছে।
- ৭১৩৬ জন উদ্যোক্তাকে ই-কমার্স বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হয়েছে।
- ১৯৬০ জন কর্মকর্তাদের প্রশিক্ষন প্রদান করা হয়েছে।
- সারাদেশে প্রায় ২২,০০০ (বাইশ হাজার) জন এর বেশি নারী উদ্যোক্তা "লালসবুজ ডটকম" (**www.laalsobuj.com**) নামের ই-কমার্স মার্কেটপ্লেসে নিবন্ধিত হয়ে তাদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয় করছেন।

১১. প্রকল্প পরিচালক : শাহনাজ বেগম নীনা (যুগ্মসচিব)

০১/১২/২০২৫

শাহনাজ বেগম নীনা
(যুগ্মসচিব)
প্রকল্প পরিচালক
তথ্য আপা: প্রকল্প (২য় পর্যায়)